

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৭৬

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ একই সাথে আল্লাহর প্রতি ভয় ও আশা রাখার বিবরণ

আরবী

وَعَنْ أَبِيْ سَعِيدِ الخُدرِيِّ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ إِذَا وُضِعَتِ الجنازةُ واحْتَمَلَهَا النَّاسُ أُو الرِّجَالُ عَلَى أَعَناقِهِمْ فَإِنْ كَانَتْ صَالِحَةً قَالَتْ: قَدِّمُونِي قَدِّمُونِي وَإِنْ كَانَتْ غَيْرَ صَالِحَةً قَالَتْ: قَدِّمُونِي قَدِّمُونِي وَإِنْ كَانَتْ غَيْرَ صَالِحَةٍ قَالَتْ: يَا وَيْلَهَا! أَيْنَ تَذْهَبُونَ بِهَا؟ يَسْمَعُ صَوْتَهَا كُلُّ شَيْءٍ إِلاَّ الإِنْسانُ وَلَوْ سَمِعَهُ صَعَقَ رواه البخاري

বাংলা

(৪৭৬) আবূ সাঈদ খুদরী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন জানাযা খাটে রাখা হয় এবং লোকেরা অথবা পুরুষরা কাঁধে বহন করতে শুরু করে, তখন সে নেককার হলে বলতে থাকে, আমাকে সামনে এগিয়ে নিয়ে যাও। আমাকে সামনে এগিয়ে নিয়ে যাও। আর বদকার হলে সে বলতে থাকে, হায় ধ্বংস আমার! তোমরা আমাকে কোথায় নিয়ে যাচ্ছ? মানুষ ছাড়া স্বাই তার শব্দ শুনতে পায়। মানুষ তা শুনলে জ্ঞান হারিয়ে ফেলত। (বা মারা যেত।)

ফুটনোট

(বুখারী ১৩১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন